# উপজেলা পরিষদ

## বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩৪তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বাজিতপুর ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান , উপজেলা পরিষদের সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের ফেব্রুয়ারি/২০২২ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রঃ নং | বিভগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৬.০২.২০২২ তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন ছাড়াই কোভিড-১৯ এর টিকা প্রদান করা হবে। তাছাড়া ১৩-১৭ বছর বয়সী সকল কিশোর-কিশোরীদেরকে টিকা প্রদান করা হবে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকলকে টিকা কার্যক্রমের আওতায় আনতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর |
| ২ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, রাজস্ব বাজেটের আওতায় ২০জন মৎস্যচাষীকে গুড একুয়াকালচার প্র্যাকটিস এন্ড ফুড সেফটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় এ অর্থবছরে তিনটি প্রদর্শণী কার্যক্রম বাস্তবায়নের জন্য চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে চলছে। | উপজেলাধীন মৎস্য চাষীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানসহ সার্বিক পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর। |
| ৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। তিনি জানান, অদ্য পর্যন্ত ইউরিয়া ৬০০ মে.টন, টিএসপি ২০ মে.টন, এমওপি ২০ মে.টন, ডিএপি ২০০ মে.টন সার মজুদ রয়েছে। তিনি আরো জানান যে, চলতি রবি/২১-২২ মৌসুমে এ উপজেলা ৯০০ হেক্টর জমিতে সবজি, ১২৪০০ হেক্টর জমিতে বোরো, ১০৮০ হেক্টর জমিতে সরিষা, ৬৫ হেক্টর জমিতে গম, ১৫৮০ হেক্টর জমিতে ভূট্টা এবং ৪২৫ হেক্টর জমিতে আলু আবাদ হয়েছে। তিনি জানান, মাঠের বর্তমান ভাল এবং মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করছেন। | পর্যাপ্ত ফসল উৎপাদনে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, বাজিতপুর। |
| ৪ | উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিবি'র কাজ দ্রুত শুরু হবে। এছাড়াও তিনি উপজেলা পরিষদের সরকারি কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা কর্মচারীগণের বদলী বা অবসরজনিত কারণে কর্মস্থল ত্যাগের সময় তার কোয়ার্টারের যাবতীয় পাওনা পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন সংগ্রহপূর্বক এলপিসি প্রদানের জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১। দ্রুততম সময়ের মধ্যে এডিপি'র কাজ শুরু করতে হবে।<br>২। উপজেলা সরকারি কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা বা কর্মচারীগণের এলপিসি প্রদানের পূর্বে বাসাবাড়িতে বসবাসকালীন সকল সরকারি পাওনা পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন যাচাইপূর্বক উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক কর্মকর্তা/কর্মচারীগণকে এলপিসি প্রদান করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।<br>২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাজিতপুর। |
| ৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার জানুয়ারি/২২ মাসের কার্যক্রম ইউনিয়নভিত্তিক উপস্থাপন করেন-<br>স্থায়ী পদ্ধতি জানুয়ারি/২২ ঃ মহিলা- ২৫জন, পুরুষ- নাই। | ১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।<br>২। দিঘীরপাড় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর দ্রুততম সময়ের মধ্যে নির্মাণের জন্য উপজেলা | ১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যানন- ১৭জন, আইইউডি- ০৩জন, অস্থায়ী পদ্ধতি: খাবার বড়ি- ২১০২০ চক্র, কনডম: ৩৬৯০ পিস, ইনজেকশন: ৪২৫৫ ভায়াল।<br>তাছাড়াও তিনি জানান যে, দিঘীরপাড় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণের জন্য ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়েছে। কিন্তু দীর্ঘদিন যাবত সীমানা প্রাচীর না থাকায় লোকজন উক্ত কেন্দ্রের মাঠের মাঝ বরাবর যাতায়াত করছে। বর্তমানে উক্ত কেন্দ্রের পাশেই একটি ফ্লাড সেন্টার নির্মিত হচ্ছে এবং একটি রাস্তা মাঠের মাঝ বরাবর নির্মাণের চেষ্টা করছে। উল্লেখিত রাস্তাটি এভাবে নির্মাণ করলে কেন্দ্রটির সৌন্দর্য্য নষ্ট হবে এবং ভবিষ্যতে হাসপাতাল ভবন নির্মাণ করা সম্ভব হবে না। তাই তিনি সমস্যাটি দ্রুত সমাধানের জন্য সভায় অনুরোধ জানান। | প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া উক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মাঠের মধ্য দিয়ে রাস্তা নির্মাণ সংক্রান্ত বিষয়টি উপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্তপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২২ শিক্ষাবর্ষে বাজিতপুর উপজেলায় মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তকের চাহিদা ছিল ৩৬০৭০৩টি, এ যাবৎ প্রাপ্ত ৩৬০৭০৩টি, বিতরণকৃত বই ৩২৫৫০০টি, বই দেরী করে আসায় সকল বই বিতরণ সম্ভব হয়নি। অবশিষ্ট বইসমূহ আগামী ২/১ দিনের মধ্যে বিতরণ করা হবে।<br>২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক চাহিদা ঃ আগামী ২০২৩ শিক্ষাবর্ষে এ উপজেলায় ৩৭৮০৫৫টি বিনামূল্যের সরকারি পাঠ্যপুস্তকের প্রয়োজন হবে। যার চাহিদাপত্র ইতোমধ্যে এনসিটিবিতে প্রেরণ করা হয়েছে।<br>অত্র উপজেলার প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাশ চালু আছে এবং শতভাগ শিক্ষা প্রতিষ্ঠানে অ্যাসাইমেন্ট কার্যক্রম চলছে। অত্র উপজেলার মোট শিক্ষার্থী ২০৪০১ জন। ১ম ডোজ দেয়া হয়েছে ১৮৭২১জন, অবশিষ্ট রয়েছে ১৬৮০জন। এলাকায় তাদের পাওয়া যায়নি। | ১। দ্রুততম সময়ের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>২। করোনা সংক্রমণকালে সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>৩। শিক্ষার্থীদের সকলকে টিকা কার্যক্রমের আওতায় আনতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর। |
| ৭ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাজিতপুর উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের" আওতায় অনুমোদিত স্থান তালিকায় পানির উৎস ব্যবহারকারীগণকে পানির উৎসের ভিন্নতার উপর ভিত্তি করে সহায়ক চাঁদা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিডি হিসেবে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কিশোরগঞ্জ বরাবর জমা দিতে হবে। সহায়ক চাঁদা হিসেবে কোনভাবেই নগদ টাকা জমা/গ্রহণ করা হবে না।<br>পানির উৎসের ধরণ অনুযায়ী সহায়ক চাঁদার হার : ৬নং পাম্পযুক্ত গভীর/গভীর তার নলকূপ ৭,০০০/- (সাত হাজার) টাকা, সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ১০,০০০/- (দশ হাজার) টাকা, কমিউনিটিভিত্তিক পানি সরবরাহ ইউনিট (সাব-মার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ) ১০,০০০/- (দশ হাজার) টাকা। উক্ত বরাদ্দকৃত নলকূপসমূহ উপজেলা ওয়াটসন কমিটির মাধ্যমে বিভাজন করতে সকলের সহযোগিতা কামনা করেন। | পানির উৎসের উপর ভিত্তিতে করে উল্লিখিত সহায়ক চাঁদা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিডি হিসেবে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কিশোরগঞ্জ বরাবর জমা দিতে হবে। | ১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৮ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০২০-২০২১ বর্ষের ১০৭টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে জানুয়ারি/২২ মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৯টি সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ অর্থবছরের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১,৪০০/- টাকা, ভ্যাট ২২১/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৪১৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ২৫টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৪৯,১৫০/- টাকা, ভ্যাট ৭,৩৭৯/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৪,৮৫৪/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। ইতোমধ্যে ০২টি প্রশিক্ষণের মাধ্যমে ২৫জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে। | বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর। |

<table>
<tr><td>৯</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিতম হচ্ছে। তিনি তার কার্যক্রমে অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৩৮৪০৬৪</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মোট ঋণ বিতরণ</td><td>৩৪৮৮৬০০০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২৮৮৫৯৫০১</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>আদায়ের হার</td><td>৯১%</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট খেলাপী ঋণ</td><td>২২৬৫৪৮৬</td><td>খেলাপী আদায় ৯৭,১৪০/-</td></tr>
<tr><td>০৭</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৯৭৮ জন</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>চলমান উপকার ভোগীর সংখ্যা</td><td>২৯১ জন</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৪৬৩ জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৬৩২ জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মোট আত্মকর্মী সংখ্যা</td><td>৪৫৬১ জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>অনুমোদিত জনবল</td><td>০৭ জন</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>বিদ্যমান জনবল</td><td>০৫ জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১০</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, উক্ত ব্যাংকে মোট সমিতি সংখ্যা- ৩২৪, মোট উপকার ভোগীর সংখ্যা- ১৪৩৫৯জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণঃ ৫৮৯.৯১ লক্ষ টাকা, ঋণ বিতরণঃ ৪০১১.১৭ লক্ষ টাকা, ঋণ আদায়ঃ ২৪১৩.৯৫ লক্ষ টাকা, আদায়ের হার ৬৫%, মাঠে পাওনা ঋণঃ ১৯৭৩.৯৩ লক্ষ টাকা, খেলাপী ঋণঃ ৭৫৬.৩৯ লক্ষ টাকা। খেলাপী ঋণের হারঃ ৪৯%। অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্টা বিদ্যমান। উল্লেখ্য যে, আদায় বৃদ্ধির জন্য ক্র্যাশ প্রোগ্রাম চলমান। তবে ঋণ আদায় কার্যক্রম ফলপ্রসূ হওয়ার জন্য উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ এবং প্রতিটি ইউনিয়ন পরিষদের সহযোগিতা প্রয়োজন।</td><td>ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের জানুয়ারি/২২ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য (আইজিএ প্রকল্পের) আয়বর্ধক প্রশিক্ষণের ১৩তম ব্যাচের ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ক্লাশ চলছে।<br>২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা পাচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ভাতাভোগীদের নিজস্ব হিসাব নম্বরে টাকা পাচ্ছে।<br>বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয়ভাবে কোন মামলা পাওয়া যায়নি। এছাড়াও জানুয়ারি/২২মাসে কোন বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি।<br>বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যাহা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাস করানো হয়। দূরত্ব বজায় রেখে ক্লাস নেওয়া হচ্ছে।</td><td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদেও আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।<br>২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে।<br>৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে জানুয়ারি/২২ মাসে ৫০ প্যাকেট শুকনা খাবার বরাদ্ধ পাওয়া গিয়াছে। এছাড়াও তিনি বলেন, নতুন করে ০৫টি দুর্যোগ সহনীয় গৃহের বরাদ্ধ পাওয়া গিয়াছে।</td><td>-</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, চলতি আমন সংগ্রহ চলমান আছে। বাজিতপুর উপজেলায় লক্ষ্যমাত্রা ৮৯৫.৩২০ মে.টন। ১৪ ফেব্রুয়ারি/২২ পর্যন্ত ৬২৬.৪৪০ মে. টন সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা সত্বেও কৃষকগণের সাড়া পাওয়া যাচ্ছে না বিধায় ধান সংগ্রহ কার্যক্রম অদ্যাবধি শুরু করা</td><td>১। লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি আমন সংগ্রহ করতে কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, বাজিতপুর।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | যায়নি। বাজিতপুর উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচী আগামী মার্চ/২২ থেকে শুরু হবে। এমতাবস্থায় উপকারভোগীর অবশিষ্ট ৭৫৫ জনের তথ্য প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।<br>করোনা পরিস্থিতিতে চাল ও আটার বাজারদর সহনীয় রাখার নিমিত্তে ২০ জানুয়ারি/২২ খ্রি. থেকে বিশেষ ওএমএস কার্যক্রম বাজিতপুর পৌরসভার তিনটি পয়েন্টে ওএমএস কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ২। ইউপি চেয়ারম্যানবৃন্দ খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের তালিকা দ্রুততম সময়ের মধ্যে সরবরাহ করবেন।<br>৩। ওএমএস কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে। | |
| ১৪ | ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ সভায় জানান যে, ৫ম ধাপের অবকাঠামোর প্রজেক্ট প্রপোজাল পিএমইউতে পাঠানোর জন্য কাজ চলছে। ৪র্থ ধাপের বিলের কাজ চলছে। ৫ম ধাপের সিডি পাশ হয়েছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করা হচ্ছে না। তিনি সভাসমূহ নিয়মিত আয়োজন করার জন্য সভাপতি ও স্ব স্ব ডিপার্টমেন্টকে অনুরোধ করেন। | ১। প্রজেক্ট ও বিলের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে। | ১। সভাপতি, স্থায়ী কমিটি, বাজিতপুর।<br>২। ইউডিএফ, বাজিতপুর। |
| ১৫ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, তার মোট সমিতির সংখ্যাঃ ১৩৬টি, সদস্য সংখ্যাঃ ৭১৫৮জন, ঋণ বিতরণঃ ১১৪.৫৫ লক্ষ টাকা, ঋণ আদায়যোগ্যঃ ১২০.৯০ লক্ষ টাকা, ঋণ আদায়ের পরিমাণঃ ১১৭.৭৫ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ঃ ৯৭%। সঞ্চয় আদায়ের পরিমাণঃ ১৩.২০ লক্ষ টাকা, মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ১১১২.০৫ লক্ষ টাকা, খেলাপীর পরিমাণঃ ৪৬৩.৯৭ লক্ষ টাকা, প্রণোদনা ঋণ বিতরণঃ ৮.৫০ লক্ষ টাকা।এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে। | ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। তাছাড়া খেলাপী ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৬ | চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ সভায় তার ইউনিয়নের প্রাপ্য ১৪২৮ বঙ্গাব্দের ইজারালব্দ অর্থের ১৫% অর্থ হতে বাজার উন্নয়নের জন্য নিম্নোক্ত প্রকল্পসমূহ উপস্থাপন করেন:<br>১। পিরিজপুর বাজার বিশ্বরোড হতে সবুজ মিয়ার দোকানের সামনের রাস্তা আরসিসিকরণ- ১,৭৫,০০০/-<br>২। পিরিজপুর বাজার রাশিদ মাস্টারের দোকান হতে নামাতার দোকানের গলি সিসিকরণ- ২,০০,০০০/-<br>৩। পিরিজপুর বাজার পুলিশ ক্যাম্পের সামনে হতে সবজি মহালে সলিংকরণ- ২,০০,০০০/-<br>৪। পিরিজপুর বাজার ইকবাল মিয়ার ওয়ার্কশপের পাশের ড্রেন নির্মাণ- ২,০০,০০০/-<br>৫। পিরিজপুর বাজার শাফি মিয়ার দোকানের সামনে হতে নতুন সবজির আরত পর্যন্ত ড্রেন নির্মাণ- ২,০০,০০০/-<br>৬। পিরিজপর বাজার সবজিমহালে মাটি ভরাট- ১,৫০,০০০/-<br>৭। পিরিজপুর বাজারের ড্রেন পরিষ্কারকরণ- ১,৫০,০০০/- | চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কলন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ, বাজিতপুর। |
| ১৭ | চেয়ারম্যান, হিলচিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, হিলচিয়া ইউনিয়ন পরিষদ সভায় তার ইউনিয়নের প্রাপ্য ১৪২৮ বঙ্গাব্দের ইজারালব্দ অর্থের ১৫% অর্থ হতে বাজার উন্নয়নের জন্য নিম্নোক্ত প্রকল্প উপস্থাপন করেন:<br>১। হিলচিয়া বাজারের ড্রেন সংস্কার- ১,০০,০০০/- | চেয়ারম্যান, হিলচিয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কলন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, হিলচিয়া ইউনিয়ন পরিষদ, বাজিতপুর। |
| ১৮ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর সভায় বলেন যে, ফেব্রুয়ারি মাস ভাষার মাস। তাই তিনি ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান। তিনি জানান যে, দেশের সকলকে টিকা প্রদানের জন্য গণটিকা কার্যক্রম চলছে। তিনি গণটিকা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। তাই তিনি স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। গণটিকা কার্যক্রমে সকলকে সহযোগিতা প্রদান করতে হবে।<br>২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

পরিশেষে সভাপতি বলেন যে, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ যথাসময়ে নিয়মিতভাবে আয়োজনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করে তা মাসিক সভায় সম্মিলিতভাবে আলোচনা করে সার্বিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সহজতর হবে। তিনি সকল কর্মকর্তাগণকে মাসিক সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, প্রত্যেক দপ্তর যদি তাদের দায়িত্বসমূহ সঠিকভাবে পালন করেন, তাহলে দেশ সমৃদ্ধির পথে দ্রুত এগিয়ে যাবে। তাছাড়া সকল দপ্তর প্রধানগণকে পারস্পারিক সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-২২৬

তারিখ : ০৬.০৩.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা ................................ কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ...................................................................।

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ